

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

সার্কুলার- ৬/২০১৬

তারিখ : ২৬ - ০৭ - ২০১৬

কনভেনর প্রাইমারী ইউনিট, ওয়েবকুটা/ জেলা সম্পাদক

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সার্থী,

গত সার্কুলার -এ আমরা DPI -র কাছে দেওয়া ডেপুটেশনের বিষয়টি উল্লেখ করেছিলাম। ইতিমধ্যে আমরা ১০% Interim Relief প্রদানের দাবি জানিয়ে অর্থ দপ্তরের প্রধান সচিবকে চিঠি দিয়েছি। সেই চিঠির অনুলিপি মাননীয় অর্থমন্ত্রী ও উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে পাঠিয়েছি। কিন্তু কোনো তরফ থেকে কোনো ইতিবাচক উত্তর আমরা এখনো পর্যন্ত পাইনি। কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা কেন বারংবার বঞ্চনার শিকার হচ্ছেন তার সদুত্তর আমরা চেয়েও পাইনি। ষষ্ঠ বেতনক্রমের বকেয়া অংশ প্রদানের সরকারি আদেশনামা বেরোলেও এখনো তা কার্যকর হয়নি। সরকারি ভাবে নানা অজুহাত দেখানো হচ্ছে যার অধিকাংশই সারবস্তাহীন। আমাদের প্রাপ্য বকেয়া DA আমরা কবে পাবো জানি না। শিক্ষা প্রতিষ্ঠানে দখলদারি এবং শিক্ষক/শিক্ষিকারীদের উপর খবরদারি করবার প্রশ্নে Code of Conduct চালু করার নামে সরকার প্রতিনিয়ত অস্ত্রে শান দিয়ে চলেছে অথচ আমাদের প্রাপ্য অধিকার থেকে কেন আমরা বছরের পর বছর বঞ্চিত হচ্ছি তার কোনো উত্তর নেই। বিশ্ববিদ্যালয়গুলিতে আমাদের কথা বলবার কোনো জায়গা নেই। অভিন্ন স্ট্যাম্পট বানানোর জুজু দেখিয়ে পাঁচ বছর কেটে গেল। নতুন আইন অনুসারে আমরা আমাদের প্রতিনিধিত্বের অধিকার আজও পেলাম না। বর্তমান সরকার তাদের দ্বিতীয় দফায় পথ চলা শুরু করলো বিশ্ববিদ্যালয়গুলিতে গ্র্যাডহক পরিচালন সমিতি গঠন করে। প্রশাসন, আচার্য ও উপাচার্য মহাশয়দের কাছে বারংবার ডেপুটেশন দিয়ে ও কনভেনশন করেও কোনো কাজ হয়নি। এবার এই অধিকার আদায় সহ প্রাপ্য বকেয়া বেতন, DA ও Interim Relief প্রদান এবং অন্যান্য পেশাগত অমীমাংসিত দাবিগুলির সমর্থনে পথে নেমে আন্দোলন করা ছাড়া বিকল্প কোনো পথ আমাদের সামনে খোলা নেই। শিক্ষক দিবসকে সামনে রেখে আমরা সেই কর্মসূচি নিতে চলেছি। এখন থেকে সেই মানসিক প্রস্তুতি নিতে শুরু করুন। কর্মসমিতিতে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করে আপনাদের সময় মত জানাবো। কলেজ সার্ভিস কমিশন প্রকাশিত বিভিন্ন বিষয় ভিত্তিক অধ্যাপক প্রার্থী তালিকায় বেশ কিছু অস্বচ্ছতার অভিযোগ আমরা পেয়েছি। বিষয়টি নজরে এনে প্রয়োজনীয় হস্তক্ষেপের অনুরোধ জানিয়ে আমরা কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যানকে চিঠি দিয়েছি।

AIFUCTO -র ডাকে ১০ দফা দাবির ভিত্তিতে ৫ আগস্ট ২০১৬ সংসদ অভিযানের কর্মসূচিকে সামনে রেখে পোষ্টার এবং দাবি ব্যাজ -এর বয়ান আমরা প্রতিটি ইউনিট-এ পাঠিয়েছি। ঐদিন বিশ্ববিদ্যালয়সহ জেলাগুলির থেকে কতজন দিল্লি যাচ্ছেন সেই নামের তালিকা দ্রুত সমিতির দপ্তরে জমা দিলে ভাল হয়।

সমিতির কর্মসমিতির নির্বাচন সূচি মেনে ২৫ জুলাই ২০১৬ জেনারেল কমিটির নামের তালিকা প্রকাশিত হয়েছে। আমরা জেলা সম্পাদকদের কাছে পর্যাপ্ত কপি, Nomination Paper সহ পাঠিয়েছি। আশাকরি আপনারা প্রয়োজন মত তা সংগ্রহ করে নেবেন। মনে রাখবেন Nomination জমা দেওয়ার শেষ তারিখ হ'ল ১০ আগস্ট ২০১৬, বুধবার।

M.Phil/Ph.D সংক্রান্ত মামলার এখনো নিষ্পত্তি হয়নি। রায় বেরোলে আমরা দ্রুততার সঙ্গে আপনাদের জানিয়ে দেব। ধন্যবাদ সহ

শ্রুতিনাথ প্রহরাজ

শ্রুতিনাথ প্রহরাজ

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৪৩৩৮২০৬১০